

ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনায় জড়িতদের ৭ দিনের মধ্যে শ্রেফতারের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল (বুধবার) এক জরুরী সভায় সাম্প্রতিককালে ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনার সহিত জড়িত ব্যক্তিদের ৭ দিনের মধ্যে শ্রেফতার করার জন্য তত্ত্বাবধায়ক সরকারের নিকট দাবী জানাইয়াছে। সমিতির সভাপতি প্রফেসর জহুরুল হকের সভাপতিত্বে

সভায় গৃহীত সিদ্ধান্তে ২৩ ও ২৪শে এপ্রিল এস এম হলের প্রাধ্যক্ষ ও একজন আবাসিক শিক্ষকের প্রতি কতিপয় ছাত্রের সন্ত্রাসী আচরণের নিন্দা জানান হয়। গত ৭ই মে সিনেট অধিবেশন চলাকালে প্রশাসনিক ভবনের অভ্যন্তরে শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক ও অপর দুইজন অধ্যাপকের বিরুদ্ধে কতিপয় ছাত্র যে হুমকিমূলক শ্লোগান উচ্চারণ করে তাহাতে উদ্বেগ প্রকাশ করা হয়। সভায় গৃহীত অপর সিদ্ধান্তে হল প্রশাসনের সহিত জড়িত কোন শিক্ষকের চাপের মধ্যে প্রদত্ত পদত্যাগপত্র গ্রহণ না করার জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানান হয়।